আলমডাঙ্গায় সিদ্দিকীয়া আলিম মাদ্রাসার সংবর্ধনা সভায় এমপি ছেলুন

আলমডাঙ্গা সিদ্দিকীয়া আলিম মাদ্রাসার আয়োজনে ৪র্থ বারের নির্বাচিত জাতীয় সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনকে সংবর্ধনা, দাখিল, আলিম ও এসএসসি (ভোক)- ২০২৪ পরীক্ষার্থীদের বিদায় ও বার্ষিক ক্রীড়া পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বেলা ১১ টায় আলিম মাদ্রাসা প্রাঙ্গণে অনুষ্ঠিত এ সংবর্ধনা, দাখিল, আলিম ও এসএসসি (ভোক)-২০২৪ পরীক্ষার্থীদের বিদায় ও বার্ষিক ক্রীড়া পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও ১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, তিনি বলেন,আমরা প্রায় বলে থাকি শিক্ষাই জাতীর মেরুদন্ড,তাইতো শিক্ষার কোন বিকল্প নেই।ফব্রুয়ারী মাস হচ্ছে ভাষার মাস,পৃথীবির খুব কম দেশ আছে,যারা ভাষার জন্য জীবন দিয়েছে,কিন্ত বাঙলার দামাল ছেলেরা বুকের রক্ত দিয়ে তাদের ভাষার দাবি ছিনিয়ে এনেছিল,১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারী আমরা আন্তর্জাতিক ভাষা দিবস হিসেবে পালন করে থাকি।সেদিন পত্রিকায় দেখলাম হাইকোর্টের একজন বিচারপতি গত ১ ফেব্রুয়ারী একটি বিচারের রায় বাংলায় লিখেছেন,আমি এই সভা থেকে উনাকে আমি শ্রদ্ধা জানাচ্ছি।বর্তমানে একজন শ্রমিক,পা ফাটা কৃষক,ভ্যানচালক সকলেই কিন্ত তার সন্তানকে শিক্ষিত করতে চাই।তবে আমি শিক্ষকদের বলব,আপনারা কিন্ত লক্ষ রাখবেন তারা ঠিক মত লেখা পড়া করছে কিনা না।তাদের প্রতি খেয়াল রাখতে হবে।আর একটা কথা তোমাদের বলতে চাই,লেখাপড়ার পাশাপাশি তোমরা খেলা ধুলা শিখবে,এতে তোমাদের শরীর ও মন দুটোই ভাল থাকে। একজন খেলোয়াড়ের জন্য পৃথিবীর সমস্ত মানুষ সেই দেশকে চিনে থাকে,যেমন আর্জেন্টিনার মেসির জন্য তোমরা আর্জেন্টিনাকে চিনেছো,খেলার সময় সেই দেশের পতাকা এই দেশে টাঙাচ্ছো,পেলের জন্য ব্রাজিল কে চিনেছি,বাংলাদেশের ছেলে,মেয়েরা ক্রীকেট ভাল খেলে,সাকিব আল হাসানের জন্য বিশ্বের মানুষ কিন্ত বাংলাদেশকে নতুন করে